

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়, পেকুয়া, কক্সবাজার

স্মারক নম্বর- ৪১.০১.২২৫৬.০০০.০৬.০০৫.২২-৪০০

তারিখঃ ২৩/১২/২০২৫খ্রিস্টাব্দ

বিষয়: সমাজসেবা অধিদফতর পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচীর উপকারভোগীদের লাইভ ভেরিফিকেশন।

উপর্যুক্ত বিষয়ের পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পেকুয়া উপজেলাধীন আপনার ইউনিয়নে সমাজসেবা অধিদপ্তর পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচীর উপকারভোগীদের লাইভ ভেরিফিকেশন কার্যক্রম আগামী ২৮ ফেব্রুয়ারি, ২০২৬খ্রিস্টাব্দ তারিখের মধ্যে শেষ করতে হবে। লাইভ ভেরিফিকেশন শেষ না করে উপকারভোগীদের ২০২৫-২৬ অর্থ বছরের ৩য় কিস্তির ভাতা প্রদান করা সম্ভব হবে না।

২। লাইভ ভেরিফিকেশনের সময় উপকারভোগীর স্বশরীরে উপস্থিতির পাশাপাশি যে সকল কাগজপত্র সঙ্গে আনতে হবেঃ

ক্রম	ভাতার নাম	প্রয়োজনীয় কাগজপত্র	মন্তব্য
১	বয়স্ক ভাতা	(১) এনআইডি কার্ডের ফটোকপি (২) যে নাম্বারে টাকা প্রেরণ করা হয় সেই সিম ও মোবাইল।	
২	বিধবা ভাতা	(১) এনআইডি কার্ডের ফটোকপি (২) স্বামী মৃত হলে মৃত্যু সনদের ফটোকপি (৩) তালাকপ্রাপ্ত হলে তালাকনামার ফটোকপি (৪) সকলের ক্ষেত্রে পুনরায় বিবাহ করেননি মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের ফটোকপি (৫) যে নাম্বারে টাকা প্রেরণ করা হয় সেই সিম ও মোবাইল।	
৩	প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি	(১) সুবর্ণ নাগরিক কার্ডের ফটোকপি (২) এনআইডি কার্ড অথবা জন্ম নিবন্ধন কার্ডের ফটোকপি (৩) শিক্ষা উপবৃত্তি প্রাপ্তদের ক্ষেত্রে বর্তমানে অধ্যয়নরত শ্রেণীর প্রত্যয়নপত্র (শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত) (৪) যে নাম্বারে টাকা প্রেরণ করা হয় সেই সিম ও মোবাইল।	
৪	অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা (জেলে ভাতা) ও শিক্ষা উপবৃত্তি	(১) এনআইডি/জন্ম নিবন্ধন সনদের ফটোকপি (২) বিশেষ ভাতা প্রাপ্তদের ক্ষেত্রে অনগ্রসর জনগোষ্ঠীর পরিচয়পত্র/প্রত্যয়ন পত্রের ফটোকপি। (৩) শিক্ষা উপবৃত্তি প্রাপ্তদের ক্ষেত্রে পিতার অনগ্রসর জনগোষ্ঠীর পরিচয়পত্র/প্রত্যয়ন ও বর্তমানে অধ্যয়নরত শ্রেণীর প্রত্যয়নপত্র (শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত) (৪) যে নাম্বারে টাকা প্রেরণ করা হয় সেই সিম ও মোবাইল।	

বিশেষ দৃষ্টব্যঃ অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সকল ভাতার সুবিধা গ্রহণকারীদের জাতীয় পরিচয়পত্র দিয়ে নিজ নামে সিম ও মোবাইল হিসাব নম্বর খোলা থাকতে হবে। অন্যথায় ডিসেম্বর/২০২৫ এর পর ভাতা প্রদান বন্ধ হয়ে যেতে পারে।

বিষয়টি অতীব জরুরী।



(মোঃ আবুল কালাম আজাদ)

উপজেলা সমাজসেবা অফিসার (অ:দা:)

পেকুয়া, কক্সবাজার।

চেয়ারম্যান

.....ইউনিয়ন পরিষদ (সকল)

পেকুয়া, কক্সবাজার।

সদয় অবগতি এবং কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

০২। পরিচালক (সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

০৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কক্সবাজার।

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পেকুয়া, কক্সবাজার।

০৫। উপজেলা নির্বাহী অফিসার, পেকুয়া, কক্সবাজার।

০৬। জনাব.....ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, পেকুয়া (পত্রের নির্দেশনা মোতাবেক আপনার দায়িত্বপ্রাপ্ত ইউনিয়নের লাইভ ভেরিফিকেশন সিডিউল প্রণয়নপূর্বক নির্দিষ্ট সময়ের মধ্যে বিনা ব্যর্থতায় সম্পন্ন করতে হবে)।